

যশোর শিক্ষা বোর্ড অনুমতি ছাড়া ২০ শিক্ষার্থীর স্কুল বদল: দু'শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা

যশোর বোর্ডে শিক্ষা বোর্ডের অনুমতি ছাড়াই বিদ্যালয় পরিবর্তন করে যশোরের বাঘারপাড়া উপজেলার দুটি প্রতিষ্ঠানের ২০ ছাত্রছাত্রীর এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের অভিযোগ পাওয়া গেছে। এর ফলে সংশ্লিষ্ট এই দুই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে। বাঘারপাড়া উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের ৩৪ শিক্ষার্থী ৯ম শ্রেণীতে নাম রেজিস্ট্রেশন করে; কিন্তু তারা পরে খাজুরার জয়গা আদর্শ মাধ্যমিক বিদ্যালয় ও কাজী শামস-উল-হুদা মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হয়। শিক্ষা বোর্ডের নিয়ম অনুযায়ী নাম রেজিস্ট্রেশনের পর বিদ্যালয় পরিবর্তন করতে চাইলে বোর্ড কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। কিন্তু এফেজে তা করা হয়নি। ফলে ২৭ মার্চ এসএসসি'র ইংরেজি ১ম পত্র পরীক্ষা চলাকালে বিষয়টি বোর্ড কর্তৃপক্ষের নজরে আসে। বিষয়টি

গোপন করার অপরাধে অভিযুক্ত দুই ছাত্রের প্রধান শিক্ষক গোলাম মোস্তফা ও আনোয়ার হোসেনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ ছড়িও শোকসভ করা হয়েছে। অপর একটি সূত্র জানায়, উল্লেখিত ৩৪ শিক্ষার্থীর মধ্যে ১৪ জনের শিক্ষা বোর্ডের অনুমতি রয়েছে। শিক্ষা বোর্ডের একজন কর্মকর্তা জানান, স্থল পরিবর্তনকারী সব শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিতে পারবে। তবে এ সংক্রান্ত সিদ্ধান্ত বোর্ড কমিটি সভায় নেয়া হবে।